গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫৯ তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৮
১১ আগস্ট ২০২১

বিষয়: **২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত ৩য় সপ্তাহে প্রদত্ত হিসাববিজ্ঞান ২য় পত্রের অ্যাসাইনমেন্ট সংশোধন।**

সূত্র: ১. এনসিটিবি এর স্মারক নং ৩৭.০০.০০০০.৪০২.৭১.০০২.২১.২ তারিখ : ২৬ জুলাই ২০২১
২. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০.১৩ তারিখ : ১৩ জুন ২০২১
৩. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৯৯১ তারিখ : ২৩ জুন ২০২১
৪. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.১১২১ তারিখ : ২৬ জুলাই ২০২১ খ্রি.
৫. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫৪ তারিখ : ৯ আগস্ট ২০২১

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৯ আগস্ট.২০২১ খ্রি. তারিখের স্মারক মোতাবেক ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের ৩য় সপ্তাহে ১৫টি বিষয়ের অ্যাসাইনমেন্ট প্রদান করা হয়েছে। উক্ত অ্যাসাইনমেন্টগুলোর মধ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক নিম্নে বর্ণিত বিষয়ের অ্যাসাইনমেন্ট সংশোধন করা হয়েছে।

| অ্যাসাইনমেন্ট নং | বিষয়ের নাম | পত্র ও বিষয় কোড |
|---|---|---|
| ০২ | হিসাববিজ্ঞান | ২য় পত্র, বিষয়কোড-২৫৪ |

এ পরিপ্রেক্ষিতে স্বাস্থ্যবিধি যথাযথ প্রতিপালনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।
সংযুক্তি : অ্যাসাইনমেন্ট(১টি বিষয়)

১১-৮-২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা(সকল অঞ্চল)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫৯/১(১৬) তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৮
১১ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)
১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা;
২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়সনসিংহ

১১) পরিচালক, মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

১২) অধ্যক্ষ(সকল), সরকারি কলেজ

১৩) উর্ধ্বতন বিশেষজ্ঞ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, ঢাকা

১৪) অধ্যক্ষ(সকল), বেসরকারি কলেজ

১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর(পত্র ও সংযুক্ত অ্যাসাইনমেন্টটি মাউশির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৬) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

১১-৮-২০২১

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী

পরিচালক

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ২৫৪ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায় শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০২<br>দ্বিতীয় অধ্যায়:<br>অংশীদারি ব্যবসায় হিসাব | অংশীদারি ব্যবসায় ও এর হিসাব প্রক্রিয়া<br><br>সহায়ক তথ্য:<br>আবুল, আবদুল ও আসাদুল একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি আবুল ৩,০০,০০০ টাকা, আবদুল ২,৫০,০০০ টাকা এবং আসাদুল ২,০০,০০০ টাকা মূলধন স্বরূপ সরবরাহ করেন। আবদুল প্রতি মাসে ৫০০ টাকা নগদ উত্তোলন করেন এবং আসাদুল বছরের মাঝামাঝি ২,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। আবুল কারবার পরিচালনা করেন এবং এ কারণে তিনি প্রতি মাসে ২,৫০০ টাকা বেতন পাবেন। আর্থিক স্বল্পতার কারণে ১ এপ্রিল আসাদুল ১০,০০০ টাকা ঋণ প্রদান করেন এবং আবুল ১ জুন ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন। অংশীদারি চুক্তি অনুযায়ী উত্তোলনের উপর বার্ষিক ১০% সুদ ধার্য করতে হবে। আবুল ব্যবসায়ে তার সার্বক্ষণিক সহায়তা করার জন্য বন্টনযোগ্য লাভের উপর কমিশন ধার্য করার পরবর্তী লাভের উপর ৫% হারে কমিশন পাবেন। আবুলের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয় সাধন করার পূর্বে ব্যবসায়ের নিট লাভ ১,১০,০০০ টাকায় উপনীত হয়। | • অংশীদারি ব্যবসায়ের উপাদানসমূহের ব্যাখ্যা প্রদান করতে পারবে।<br>• চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহ নিষ্পত্তি করতে পারবে।<br>• লাভ-লোকসান বন্টন হিসাব তৈরি করে অংশীদারদের মুনাফার অংশ নির্ণয় করতে পারবে।<br>• অংশীদারদের মূলধন হিসাব এবং অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত করতে পারবে। | • চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহের নিষ্পত্তিকরণ।<br>• অংশীদারদের মধ্যে লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুতকরণ।<br>• অংশীদারদের চলতি হিসাব প্রস্তুতকরণ।<br>• অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুতকরণ (পরিবর্তনশীল মূলধন পদ্ধতি ও স্থিতিশীল মূলধন পদ্ধতিতে)। | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা /নম্বর: ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক) সহায়ক তথ্যের ভিত্তিতে চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহের নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনাকরণ | ৪টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ৩টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ২টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ১টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | |
| খ) সহায়ক তথ্যের ভিত্তিতে লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুতকরণ | সঠিকভাবে সম্পন্ন করলে | ১টি লেনদেন ভুল করলে | ২টি লেনদেন ভুল করলে | আংশিক শুদ্ধ হলে | |
| গ) সহায়ক তথ্যের ভিত্তিতে আবদুল ও আসাদুলের চলতি হিসাব প্রস্তুতকরণ | ২টি চলতি হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| ঘ) সহায়ক তথ্যের ভিত্তিতে স্থিতিশীল মূলধন পদ্ধতিতে আবুল ও আসাদুলের মূলধন হিসাব প্রস্তুতকরণ | ২টি মূলধন হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| ঙ) সহায়ক তথ্যের ভিত্তিতে পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে আবুল ও আবদুলের মূলধন হিসাব প্রস্তুতকরণ | ২টি মূলধন হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬- ২০ | অতি উত্তম |
| ১৪- ১৫ | উত্তম |
| ১০- ১৩ | ভালো |
| ০০- ০৯ | অগ্রগতির প্রয়োজন |